

AP 2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০০৭.২০৪৫(অংশ-২)-১৬৬

তারিখঃ ০৫/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ২য় শ্রেণি মূখ্য পরিদর্শক ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা (২য় শ্রেণি) পদে প্রার্থীর ২০০ নম্বরের রচনামূলক লিখিত পরীক্ষা ঢাকাস্থ নিম্নোক্ত কেন্দ্রে সময়সূচী ও আসন ব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবে :-

পরীক্ষার কেন্দ্র, সময়সূচী ও আসন ব্যবস্থা

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	প্রার্থী সংখ্যা
১৯/০৬/২০১৬ ইং তারিখ, রবিবার সকাল ১০.৩০ টা থেকে বেলা ১.৩০ টা পর্যন্ত।	হাজী আশ্রাফ আলী হাই স্কুল, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা-১২১৬।	মূখ্য পরিদর্শক, পাট অধিদপ্তর	৪৩৩ জন
		ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার পাট অধিদপ্তর	১৫ জন
		প্রশাসনিক কর্মকর্তা, বস্ত্র পরিদপ্তর	০৪ জন

২। এই বিজ্ঞপ্তিটি সাময়িকভাবে যোগ্য প্রার্থীর জন্য লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী এবং সাময়িকভাবে যোগ্য প্রার্থীর তালিকা ও বাতিল তালিকা কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

০৫.০৬.২০১৬

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।

নং-৮০.১০২.০১১.০০.০০.০৩.২০১৫(অংশ-১)-১৬৪

তারিখঃ ০২/০৬/২০১৬ ইং।

বিষয়ঃ আগামী ১৯/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিতব্য বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন পাট অধিদপ্তরের ২য় শ্রেণি মূখ্য পরিদর্শক ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা (২য় শ্রেণি) পদে রচনামূলক লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীর জন্য নির্দেশাবলী

- (১) প্রার্থীকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং গণিত বিষয় -৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- (২) পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘন্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- (৩) বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪ টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও গণিত বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৪) প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, হাত ঘড়ি, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটরসহ সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- (৫) পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পন্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থী নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবেন।
- (৬) শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।
- (৭) উল্লিখিত এ ৩ ক্যাটাগরি পদের মধ্যে প্রার্থী সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে একাধিক পদে আবেদনপত্র দাখিল করে থাকলে এবং বয়স, শিক্ষাগত যোগ্যতা অন্যান্য বিষয়ে যোগ্য বিবেচিত হলে প্রার্থী যে কোন একটি পরীক্ষায় অংশ গ্রহন করলে একাধিক পদে অবতীর্ণ হয়েছে মর্মে বিবেচিত হবে। তবে যে পদের পরীক্ষায় অংশগ্রহণ করবেন উত্তরপত্রে সে পদের রেজিঃ নম্বর উল্লেখ করতে হবে।
- (৮) পাট অধিদপ্তরের ২য় শ্রেণি মূখ্য পরিদর্শক ও ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার এবং বস্ত্র পরিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা (২য় শ্রেণি) পদে অনলাইনে আবেদনপত্র প্রার্থীর মধ্যে যে সকল প্রার্থী লিখিত পরীক্ষার জন্য বিপিএসসি ফরম-৩(মূল আবেদনপত্র) জমা দিয়েছে এবং প্রাথমিকভাবে সাময়িকভাবে যোগ্য বিবেচিত হয়েছে শুধুমাত্র সে সকল প্রার্থী কমিশনের ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, যোগ্য প্রার্থীর তালিকা কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। পাট অধিদপ্তরের মূখ্য পরিদর্শক পদের জন্য সাময়িকভাবে যোগ্য প্রার্থীর লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হচ্ছে। যোগ্য প্রার্থীর মধ্যে কেহ প্রবেশপত্র না পেয়ে থাকলে ২(দুই)কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১৬ জুন, ২০১৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে পরিচালক(ইউনিট-২) বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে না।



ড. নাছিমা আক্তার
পরিচালক(ইউনিট-২)

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন।]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]